সমকাল

তারিখ 20 JAN 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদারের নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

সরকারি-বেসরকারি সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠানপ্রধানদের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা এক পরিপত্রে এ নির্দেশনা দেওয়া হয়। এদিকে অপর এক পরিপত্রে বাল্যবিয়ে রোধে অগ্রণী ভূমিকা পালনের জন্য স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

## মন্ত্রণালয়ের পরিপত্র

পরিপত্রে স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, ইংরেজি মাধ্যম স্কুলসহ সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করতে শিক্ষা প্রতিষ্ঠানের গেটে ইউনিফর্মধারী নিরাপত্তা প্রহরী মোতায়েনের নির্দেশ দেওয়া হয়েছে। প্রতিষ্ঠানের ক্লাস চলাকালীন শিক্ষক-কর্মচারী ছাড়া অন্যদের প্রতিষ্ঠানে অবস্থান নিয়ন্ত্রণ করার জন্যও পরিপত্রে বলা হয়েছে। শিক্ষকদের সমন্বয়ে সার্বিক নিরাপত্তা-সংক্রান্ত ভিজিলেন্স টিম গঠনের জন্যও শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেওয়া হয়। ঢাকা মহানগরসহ অন্যান্য মহানগরী এবং জেলা সদরে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সার্বিক নিরাপত্তা ব্যবস্থা মানসম্মত নয় বলে পরিপত্রে উদ্বেগ প্রকাশ করা হয়। এতে বলা হয়, বিভিন্ন সময়ে নানা কারণে সৃষ্ট নাজুক পরিস্থিতিতে স্পর্শকাতর এসব শিক্ষা প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে এবং ছাত্র শিক্ষক এবং অভিভাবক মহলে উদ্বেগ-উৎকণ্ঠার সৃষ্টি হয়। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত পাঠদান বিঘ্নিত হয়, শিক্ষা-শৃঙ্খলা লঙ্ঘিত হয় এবং সম্পদ ও জীবন ঝুঁকির মধ্যে পতিত হয়।

অপর পরিপত্রে বলা হয়, বিয়ে পড়ানোর ক্ষেত্রে মসজিদের ইমাম, মুয়াজ্জিন, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সম্পৃক্ত থাকতে দেখা যায়। এ ক্ষেত্রে পাত্রপাত্রীর বয়স আইনে নির্ধারিত বয়সের নিচে হলে সংশ্লিষ্ট পাত্রপাত্রী ও অভিভাবককে এ ধরনের বাল্যবিয়ে নিরুৎসাহিত করার জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি আহ্বান জানানো হয়েছে। তাদের আইনে নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই বিয়ে পড়াতে এবং পাত্রপাত্রীর বয়স-সংক্রান্ত কাগজপত্র সংরক্ষণ ও বিয়ের রেজিস্ট্রেশন নিশ্চিত করার জন্য পরিপত্রে বলা হয়েছে।